

মোটর
নিউর্যান্
ডিজিজ
এসোসিয়েশন

.....

মোটর
নিউর্যান্
ডিজিজ:
একটি
পরিচিতি

.....

এমএনডি (MND) কি?

মস্তক ও মেরুসজ্জুর (ব্রেইন ও স্পিনাল কর্ড) মোটর নিউর্যান্'কে (অঙ্গসঞ্চালক স্নায়ুকোষ) প্রভাবিত করে এমন ধরনের সম্পর্কিত রোগের সমষ্টিকে দেওয়া নামটি হলো মোটর নিউর্যান্ ডিজিজ (এমএনডি)। মাস্‌ল বা মাংসপেশীকে যেসব স্নায়ুকোষ নিয়ন্ত্রণ করে সেগুলোই হলো মোটর নিউর্যান্‌স, এবং মাস্‌ল বা মাংসপেশীতে দুর্বলতা ও অকেজো এদের অধঃপতনের কারণে হয়ে থাকে। বাহু অথবা পায়ে সাধারণত: এসব অকেজো বা অপচয় প্রাথমিকভাবে ঘটে থাকে, কোনো কোনো মাংসপেশীর সমষ্টি অন্যগুলোর চাইতে প্রভাবিত হয়ে থাকে। কোনো কোনো লোকজনের নির্দিষ্ট ধরনের এমএনডি'র কারণে মুখমন্ডলে এবং গলায় সরবরাহের মাংসপেশীতে দুর্বলতা ও অপচয়ের সৃষ্টি হয় যার ফলে মোটা বাকশক্তি এবং চর্বণ ও গেলায় সমস্যা দেখা দিয়ে থাকে।

স্পর্শ, স্বাদ, দৃশ্য, গন্ধ ও শ্রবণশক্তির উপর এমএনডি যেমন প্রভাব ফেলেনা তেমনি মুদ্রাশয়, অস্ত্র, অথবা যৌনমিলনের কাজকর্মে সরাসরি কোনো প্রভাব ফেলে না, বিপুলভাবে অধিকাংশ ক্ষেত্রে বোধশক্তি অপ্রভাবিত থাকে।

সাধারণভাবে সময়ের গতিতে এমএনডি নিয়মিতভাবে বৃদ্ধিশীল একটি রোগ, তবে এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির মধ্যে বিরাটভাবে অগ্রগতির হার ভিন্ন থাকে।

এমএনডি কতোজনের হয়?

বৎসরের যে কোনো সময়ে প্রায় ৫০,০০০ জনের মধ্যে একজনের এমএনডি হয়ে থাকে, ইউকে'তে যেকোনো সময় ৫,০০০ এরও বেশী লোকজনের এমএনডি থেকে থাকে। এটা পূর্ণবয়সের রোগ যা সাধারণত: ৫০ বৎসর উপরের বয়সী ব্যক্তিদের প্রভাবিত করে।

এমএনডি কি কারণে হয়?

এমএনডি হওয়ার কারণ এখনও কেউ জানে না যদিও এদেশে এবং বিদেশে গবেষণা চলছে। ভাইর্যাল ইনফেকশন বা সংক্রমণ, পরিবেশগত বিষাক্ততা, মেটাবলিক (বিপাকীয়) গোলমাল এবং বংশগত ত্রুটির মতো বহুধরনের মতবাদের প্রস্তাব করা হয়েছে। যদিও মোটর নিউর্যান্ এসোসিয়েশনের অর্থায়নে গবেষণা দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে তবুও সঠিক জবাব এখনও খোঁজে পাওয়া যায়নি।

কি কি ধরনের সহায়তা পাওয়া যায়?

যদিও কোনো কোনো গবেষণা আশাজনক সাড়া পাওয়া গেছে, তবু এখনও এই রোগকে বন্ধ অথবা ধীরগতি করার কোনো নির্দিষ্ট চিকিৎসা নেই, এবং কোনো কোনো ব্যক্তির মধ্যে পরিমিত উপকার করার মতো কমপক্ষে একটি ড্রাগ বা ঔষধ পাওয়া যায়। তবে, আপনার কনস্যালটেন্ট অথবা জিপি রোগের বেশ কয়েকটি লক্ষণ ও পরবর্তী সমস্যাকে কার্যকরভাবে উপশম করতে পারবেন। এ ছাড়াও, ফিজিওথেরাপিস্ট, অকুপেশনাল থেরাপিস্ট, নার্স, সোশ্যাল ওয়ার্কার, স্পিচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট ও ডায়েটিশিয়ান'এর মতো পেশাজীবীরা সহায়তার অমূল্য উৎস হতে পারেন। সুনির্দিষ্ট সমস্যার উপর ব্যবস্থা গ্রহণের জন্যে পরিসরের মধ্যে বেশ কয়েকটি প্রচারপত্র এসোসিয়েশনের কাছে থেকে অনুরোধক্রমে পাওয়া যাবে।

@ দ্যা এমএনডি এসোসিয়েশন, ৮/৯৬'এ সংশোধিত

ফাইটিং মোটর নিউর্যান্ ডিজিজ

MND Association, P.O. Box 246, Northampton NN1 2PR

Tel: 01604 250505 Fax: 01604 624726

Website: www.mndassociation.org

Registered Charity No. 294354